# ইরানের দক্ষিণাঞ্চলে আবারও মার্কিন বিমান হামলা



ছবি: সংগৃহীত

ইরানের দক্ষিণাঞ্চলের উপকূলীয় এলাকায় ফের বিমান হামলা চালিয়েছে যুক্তরাষ্ট্র। বৃহস্পতিবার ভোরে হরমুজগান প্রদেশের সিরিকসহ কয়েকটি এলাকায় একের পর এক বিস্ফোরণের শব্দ শোনা গেছে। এ ঘটনায় মধ্যপ্রাচ্যের চলমান উত্তেজনা আরও বেড়েছে।

ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যম জানিয়েছে, সিরিক এলাকা ছাড়াও মিনাব কাউন্টি ও হরমুজ প্রণালির কাছে কেশম দ্বীপে একাধিক বিস্ফোরণ হয়েছে। এসব এলাকায় কয়েকটি প্রজেক্টাইল আঘাত হেনেছে। তবে সর্বশেষ হামলার পর ইরান নতুন করে কোনো সামরিক পদক্ষেপ নিয়েছে কি না, তাৎক্ষণিকভাবে তা জানা যায়নি।

এর আগে বুধবার যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে বড় ধরনের সামরিক সংঘাতের ঘটনা ঘটে। ওই দিন আইআরজিসির সঙ্গে সংশ্লিষ্ট পাঁচটি জ্বালানি তেলবাহী ট্যাংকারে বিমান ও ক্ষেপণাস্ত্র হামলার কথা জানায় যুক্তরাষ্ট্র। জবাবে জর্ডানে থাকা একটি মার্কিন সামরিক ঘাঁটি লক্ষ্য করে একাধিক ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ছোড়ে ইরান।

পারস্য উপসাগরেও সংঘাত ছড়িয়ে পড়ার দাবি করেছে ইরান। আইআরজিসি জানিয়েছে, উপসাগরের জলসীমায় তারা দুটি মার্কিন যুদ্ধজাহাজ ও শর্ত না মানা আটটি তেলবাহী ট্যাংকারে হামলা চালিয়েছে।

এ ছাড়া ইরানের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা একটি মার্কিন এমকিউ-১ নজরদারি ড্রোন ভূপাতিত করেছে বলেও দাবি করেছে আইআরজিসি। একই সঙ্গে জলসীমা থেকে একটি মার্কিন চালকবিহীন সামুদ্রিক ড্রোন বা সি-ড্রোন জব্দ করার কথাও জানিয়েছে তারা।

LENS ASIA